

Mymensingh Polytechnic Institute

Welcome to my Presentation

Subject Code: 66773

Switch Gear and Protection

অধ্যায় - প্রথম

সুইচ গিয়ার এর ধারণা

সুইচ গিয়ার :

- সুইচ গিয়ার বলতে একক কোন বস্তুকে বোঝায় না । এটি বৈদ্যুতিক সিস্টেমের স্বাভাবিক কার্যকলাপের সংযোগকারী, বিচ্ছিন্নকারী, রক্ষনাবেক্ষনকারী, নিয়ন্ত্রনকারী, পাঠদানকারী ও ভারসাম্য রক্ষাকারী যন্ত্রপাতির সহঅবস্থানকে বোঝায় । সুইচ গিয়ার এর প্রধান উপাদান :
 - সুইচ গিয়ার এর প্রধান উপাদান ২টি । যথা : ১.সার্কিট ব্রেকার
 - ২.রিলে ।





সুইচ গিয়ার এর প্রকারভেদ :

- ভোল্টেজ অনুযায়ী সুইচ গিয়ারকে দুই ভাগে ভাগ করা যায় ।

যেমন :

১.এলটি সুইচ গিয়ার

২.এইচটি সুইস গিয়ার

ব্যবহারিক ক্ষেত্র অনুযায়ী এইচটি সুইচ গিয়ারকে দুই ভাগে ভাগ করা যায় । যেমন :

১. ইনডোর সুইচ গিয়ার এবং

২. আউটডোর সুইচ গিয়ার

ভাল সুইচ গীয়ার এর গুনাবলী

সনাক্তকরন :

ব্যবহৃত প্রটেকটিভ গিয়ার এবং ডিভাইস সমূহের পার্থক্যকরন ক্ষমতা থাকতে হবে । অর্থাৎ সিস্টেমের শুধুমাত্র ত্রুটিযুক্ত অংশকে সনাক্ত করা এবং বিচ্ছিন্ন করার ক্ষমতা থাকতে হবে । নতুবা সরবরাহ নিরবিচ্ছিন্ন থাকবে না ।

সংবেদনশীলতা :

সুস্থ অবস্থায় নির্ধারিত লোডের চেয়ে সামান্য পরিমান বেশি লোডে সিস্টেমের কোন বিঘ্ন হবে না । কিন্তু ত্রুটি জনিত অবস্থায় যেকোন পরিমান কারেন্ট প্রবাহের ফলে যেন ত্রুটিযুক্ত অংশকে বিচ্ছিন্ন করতে পারে ।

বিশ্বস্ততা :

যে কাজের জন্য প্রটোকটিভ গিয়ারকে নির্দিষ্ট স্থানে সংযোগ করা হয় তা ঠিক সময়ে সঠিক দায়িত্ব পালন করার জন্য বিশ্বস্ত হবে ।

উচ্চ গতি :

যত তাড়াতাড়ি সম্ভব প্রটোকটিভ গিয়ার সারা দিয়ে যেন ক্রটিযুক্ত অংশকে যেন ক্রটিহীন অংশ থেকে বিচ্ছিন্ন করতে পাও সে ব্যাবস্থা থাকতে হবে ।

স্থায়িত্ব :

ফল্টকে প্রটেকশন দেয়ার পরও এটির পূর্বের গুণাবলী বজায় থাকতে হবে ।

সরলতা :

প্রটেকটিভ ডিভাইস সমূহের গঠন ও অপারেশন সহজ-সরল হতে হবে ।

অধ্যায়-দ্বিতীয়

বৈদ্যুতিক ক্রটির ধারণা

বৈদ্যুতিক ক্রাটি বা ফল্ট : বৈদ্যুতিক লাইন বা যন্ত্রপাতিতে ক্রাটি বলতে বৈদ্যুতিক সার্কিটের কোন খুঁত বা দোষ যার জন্য কারেন্ট কাঙ্ক্ষিত পথে প্রবাহিত না হয়ে অন্য পথে প্রবাহিত হওয়াকে বোঝায় ।

বৈদ্যুতিক ক্রাটির প্রকারভেদ :

বৈদ্যুতিক ক্রাটি প্রধানত দুই প্রকার ।

যেমন : ১.সিমেট্রিক্যাল ফল্ট ।

২.আনসিমেট্রিক্যাল ফল্ট ।

১.সিমেট্রিক্যাল ফল্ট

- বৈদ্যুতিক সিস্টেমে যে ফল্টের কারণে তিনটি ফেজের প্রতি ফেজে সম-পরিমাণ ফল্ট কারেন্ট প্রবাহিত হয়,তাকে সিমেট্রিক্যাল ফল্ট বলে।যেমন: তিনটি ফেজ একত্রে শর্ট সার্কিট হওয়া এবং তিনটি ফেজ একত্রে আর্থের সাথে শর্ট সার্কিট হওয়া ।

২. আনসিমেট্রিক্যাল ফল্ট

- বৈদ্যুতিক সিস্টেমে যে ফল্টের কারণে তিনটি ফেজের প্রতি ফেজে অসম পরিমাণ ফল্ট কারেন্ট প্রবাহিত হয়, তাকে আন-সিমেট্রিক্যাল ফল্ট বলে। যেমন : একটি ফেজ আর্থের সাথে শর্ট, দুটি ফেজের মধ্যে শর্ট সার্কিট হওয়া বা দুটি ফেজ একত্রে আর্থের সাথে শর্ট হওয়া।

পাওয়ার সিস্টেমে ত্রুটির কারনসমূহ :

১.ইন্সুলেশন শক্তির অবক্ষয় : সুইচিং সার্জ বা বজ্রপাত জনিত কারনে উচ্চ মাত্রার বা ওভার ভোল্টেজ উৎপন্ন হয় । এ উচ্চ মাত্রার ভোল্টেজ সিস্টেমের যন্ত্রপাতি ও লাইনের ইন্সুলেশন দুর্বল করে দেয় । এছাড়াও ইন্সুলেটরের ইন্সুলেশন মাত্রাতিরিক্ত গরম বা ঠান্ডাজনিত পীড়ন এবং মচকানোর জন্য নষ্ট হয়ে যায় । এসব কারনে ইন্সুলেশন শক্তির অবক্ষয় ঘটে এবং মারাত্মক দুর্ঘটনা ঘটে ।

যান্ত্রিক আঘাত : যে কোন বৈদ্যুতিক ক্যাবলের ইন্সুলেশন যান্ত্রিক আঘাতে নষ্ট হতে পারে ।এতে কন্ডাকটর ও আর্থের মধ্যে অথবা কন্ডাকটরগুলোর মধ্যে শর্ট-সার্কিট হতে পারে ।

|

অধ্যায়-তৃতীয়

বাসবার ব্যবস্থাপনা

(Busbar Arrangement)

- **লাইটিং সার্জ :**

বজ্র বিদ্যুৎপূর্ণ ঝড়-বৃষ্টিতে ট্রান্সমিশন লাইনে বিভিন্ন প্রকার বৈদ্যুতিক ফল্ট দেখা দিয়ে থাকে ।

- **ভোল্টেজ ড্রোপ :**

অনাকাঙ্ক্ষিতভাবে ফিডার বা বাসবারে ভোল্টেজ ড্রোপ হলে তা সিস্টেমের জন্য ক্ষতিকর ।

- **আন-ব্যালান্স এবং স্ট্যাবিলিটির পতন :**

অন্টারনেটরে আর্থ-ফল্ট বা ইন্টার টার্ন ফল্টের দরুন অথবা হঠাৎ লোডের ব্যাপক পরিবর্তনে এ ধরনের ত্রুটি হতে পারে ।

বাসবার (Busbar)

- বাসবার মূলত তামা বা অ্যালুমিনিয়ামের পরিবাহি পাত বা রড । তবে বাসবার রেকট্যাংগুলার বার, ফাঁফা পাইপ বা ত্রিভুজাকৃতিরও হতে পারে । যা এক বা একাধিক সার্কিট হতে বৈদ্যুতিক এনার্জি গ্রহন করে ও বিভিন্ন সার্কিটে বা ফিডারে বিতরণ করে ।




বাসবার (Busbar)



বাস কাপলার :

- বাস কাপলার মূলত সার্কিট ব্রেকার ও আইসোলেটরের সমন্বয় মাত্র । যা প্রধান বাসবার থেকে লোড অক্সিলিয়ারি বাসবারে স্থানান্তর করার জন্য ব্যবহৃত হয় ।



বাসবারের কাজ :


- এক বা একাধিক সার্কিট হতে বৈদ্যুতিক এনার্জি গ্রহন করা ও বিভিন্ন সার্কিটে বা ফিডারে বিতরণ করা ।

মেইন বাসবার ও ট্রান্সফার বাসবার :



- বর্তমানে প্রায় সকল আধুনিক জেনারেটিং স্টেশনে দুটি বাসবার থাকে। যার একটিকে বলা হয় প্রধান বাসবার এবং অপরটিকে সাহায্যকারী বাসবার।

Transfer Bus System

- ☒ CB
- ⊕ CT
- ⋈ Isolator





One & Half Breaker Bus System



ওয়ান এ্যান্ড হাফ ব্রেকার ব্যবস্থাপনা:

- এ ব্যবস্থাপনায় প্রতি দুটি ফিডারের জন্য তিনটি সার্কিট ব্রেকার ব্যবহার করা হয় । অর্থাৎ প্রতিটি ফিডারের জন্য $6/8 = 1.5$ টি সার্কিট ব্রেকার ব্যবহৃত হয় বলে এই পদ্ধতিকে ওয়ান এ্যান্ড হাফ ব্রেকার ব্যবস্থাপনা বলে ।

Double Breaker Bus System




বাসবারকে সেকশনলাইজ্‌ড করার কারন :

- এ ব্যবস্থাপনায় বাসবারের কোন অংশ মেরামত বা রক্ষণাবেক্ষন করার প্রয়োজন হলে সম্পূর্ণ সিস্টেমের সরবরাহ বিচ্ছিন্ন বা বিঘ্নিত না করে শুধুমাত্র ত্রুটিযুক্ত অংশে সরবরাহ বিচ্ছিন্ন করে কাজ করা যায় । এ জন্য সাধারণত সাব-স্টেশনের বাসবারকে প্রয়োজনমত দুটি বা তিনটি অংশে বিভক্ত করা হয় । বাস কাপলারের সাহায্যে পুরো বাসবারটিকে ভাগ করে নেয়া হয় । বাস কাপলারের উভয় পাশের বাসবার অংশকে আঙনের হাত থেকে রক্ষার জন্য বাস কাপলারের চারপাশে ফয়ার প্রফ দেয়া থাকে ।

বাসবারের যেসব গুণাবলী থাকা আবশ্যিক :

১. বাসবারের জন্য কমরোধ সম্পন্ন পদার্থ ব্যবহার করতে হবে ।
২. সময়ের পরিবর্তনে ও এর রেজিস্ট্যান্সের হ্রাস-বৃদ্ধি হবে না ।
৩. তাপমাত্রা বৃদ্ধিতে
৪. উচ্চ যান্ত্রিক শক্তি গুণ সম্পন্ন পদার্থ ব্যবহার করতে হবে ।
৫. উপযুক্ত পরিমাণ ইন্সুলেশনের জন্য বাসবার সমূহের মধ্যকার ফাঁক যথেষ্ট পরিমাণ থাকতে হবে ।
৬. বাসবার সমূহ এমন হতে হবে যেন ভবিষ্যতে সিস্টেমের যেকোন প্রকার পরিবর্তন ও পরিবধনে বাধার সৃষ্টি না হয় ।

সিঙ্গেল ব্রেকার বিশিষ্ট ডাবল বাসবার ব্যবস্থাপনা



বিভিন্ন প্রকার বাসবার ব্যবস্থাপনার নাম :

১. সিঙ্গেল বাসবার ব্যবস্থাপনা ।
২. সেকশনালাইজড সিঙ্গেল বাসবার ব্যবস্থাপনা ।
৩. সেকশনালাইজড ডাবল বাসবার ব্যবস্থাপনা ।
৪. সিঙ্গেল ব্রেকার বিশিষ্ট ডাবল বাসবার ব্যবস্থাপনা ।
৫. ডাবল ব্রেকার বিশিষ্ট ডাবল বাসবার ব্যবস্থাপনা ।
৬. ওয়ান এ্যান্ড হাফ ব্রেকার ব্যবস্থাপনা ।
৭. রিং বাসবার ব্যবস্থাপনা ।

অধ্যায়-চতুর্থ

শর্ট সার্কিট কারেন্ট হিসাব করণ

SHORT CIRCUIT CURRENT CALCULATION



শর্ট সার্কিট ফল্ট :

- যখন কোন বৈদ্যুতিক সিস্টেমে এমন কোন ফল্ট হয়, যার জন্য এক বা একাধিক ফেজে বা লাইনে স্বাভাবিক অবস্থার চেয়ে অনেক বেশি কারেন্ট প্রবাহিত হয় তখন ঐ ফল্টকে শর্ট সার্কিট ফল্ট বলে।

বৈদ্যুতিক পাওয়ার সিস্টেমে শর্ট সার্কিট এর কারণ সমূহ:-

- বৈদ্যুতিক পাওয়ার সিস্টেমে প্রধানত দুটি কারণে শর্ট সার্কিট ত্রুটি সংঘটিত হয়ে থাকে ।

১. ইন্সুলেশন শক্তির অবক্ষয়
২. যান্ত্রিক আঘাত ।

১.ইন্সুলেশন শক্তির অবক্ষয় :

- সুইসিং সার্জ বা বজ্রপাত জনিত কারনে উচ্চ মাত্রার বা ওভার ভোল্টেজ উৎপন্ন হয় । এ উচ্চ মাত্রার ভোল্টেজ ,সিস্টেমের যন্ত্রপাতি ও লাইনের ইন্সুলেশন দুর্বল করে দেয় । এছাড়াও ইন্সুলেটরের ইন্সুলেশন মাত্রাতিরিক্ত গরম বা ঠান্ডাজনিত পীড়ন এবং মচকানোর জন্য নষ্ট হয়ে যায় । এসব কারনে ইন্সুলেশন শক্তির অবক্ষয় ঘটে এবং মারাত্মক দুর্ঘটনা ঘটে ।

- যে কোন বৈদ্যুতিক ক্যাবলের ইন্সুলেশন যান্ত্রিক আঘাতে নষ্ট হতে পারে এতে কন্ডাকটর ও আর্থের মধ্যে অথবা কন্ডাকটরগুলোর মধ্যে শর্ট-সার্কিট হতে পারে ।

শর্ট সার্কিট ফল্ট এর প্রকারভেদ :

১.সিমেট্রিক্যাল ফল্ট

২.আনসিমেট্রিক্যাল ফল্ট ।

যান্ত্রিক আঘাত :

১.সিমেট্রিক্যাল ফল্ট :



- বৈদ্যুতিক সিস্টেমে যে ফল্টের কারণে তিনটি ফেজের প্রতি ফেজে সম-পরিমাণ ফল্ট কারেন্ট প্রবাহিত হয় ,তাকে সিমেট্রিক্যাল ফল্ট বলে ।যেমন : তিনটি ফেজ একত্রে শর্ট সার্কিট হওয়া এবং তিনটি ফেজ একত্রে আর্থের সাথে শর্ট সার্কিট হওয়া ।

সিমেট্রিক্যাল ও আনসিমেট্রিক্যাল ফল্ট এর মধ্যে পার্থক্য

সিমেট্রিক্যাল ফল্ট

১. তিনটি ফেজের প্রতি ফেজে সম-পরিমাণ ফল্ট কারেন্ট প্রবাহিত হয় ।

২. তিনটি ফেজে প্রবাহিত সমপরি-মাণ ফল্ট কারেন্টের মধ্যকার কৌণিক দূরত্ব 120° ।

৩. সিমেট্রিক্যাল ফল্ট খুব কম সংঘটিত হয় ।

৪. সিমেট্রিক্যাল ফল্ট সার্কিট ব্রেকারের জন্য মারাত্মক ক্ষতিকর ।

৫. সিমেট্রিক্যাল ফল্ট কারেন্ট এবং পাওয়ার ক্যালকুলেশন পদ্ধতি খুব সহজ ।

আনসিমেট্রিক্যাল ফল্ট

১. তিনটি ফেজের প্রতি ফেজে অসম-পরিমাণ ফল্ট কারেন্ট প্রবাহিত হয় ।

২. তিনটি ফেজে প্রবাহিত অসম পরিমাণ ফল্ট কারেন্টের মধ্যকার কৌণিক দূরত্ব 120° এর চেয়ে বেশী বা কম হয় ।

৩. আন সিমেট্রিক্যাল ফল্ট খুব বেশী সংঘটিত হয় ।

৪. সিমেট্রিক্যাল ফল্ট সার্কিট ব্রেকারের জন্য মারাত্মক কম ক্ষতিকর ।

৫. আনসিমেট্রিক্যাল ফল্ট কারেন্ট এবং পাওয়ার ক্যালকুলেশন পদ্ধতি অপেক্ষাকৃত জটিল ।

২. আনসিমেট্রিক্যাল ফল্ট :

- বৈদ্যুতিক সিস্টেমে যে ফল্টের কারণে তিনটি ফেজের প্রতি ফেজে অসম ফল্ট কারেন্ট প্রবাহিত হয় ,তাকে আন- সিমেট্রিক্যাল ফল্ট ।
যেমনঃ একটি ফেজ আর্থের সাথে শর্ট, দুটি ফেজের মধ্যে শর্ট সার্কিট হওয়া বা দুটি ফেজ একত্রে আর্থের সাথে শর্ট হওয়া ।

শর্ট সার্কিট কারেন্ট নিরূপণ পদ্ধতি সমূহ

- শর্ট সার্কিট কারেন্ট এবং শর্ট সার্কিট কেভিএ এর পরিমাণ প্রধানত ৩টি পদ্ধতিতে বের করা যায় । যথা—
- ১. ওহমিক মান পদ্ধতি
- ২. শতকরা রিয়্যাকট্যান্স পদ্ধতি
- ৩. পার ইউনিট পদ্ধতি

শতকরা রিয়্যাকট্যান্স :

- সার্কিটে ফুললোড কারেন্ট প্রবাহিত হওয়ার সময় প্রতি ফেজের রিয়্যাকটিভ ড্রপ ও স্বাভাবিক ফেজ ভোল্টেজের অনুপাতের শতকরা মানকে শতকরা রিয়্যাকট্যান্স বলে ।

$$\text{অর্থাৎ, \% } X = \frac{I_{FL} \times X}{V_P} \times 100$$

২নং সমীকরণের লব ও হরকে V_p দ্বারা গুণ করে পাই,

$$X = \frac{\%X \times V_p^2}{I_{FL} \cdot V_p \times 100} \text{ ohm}$$
$$= \frac{\%X \times (\text{Voltage})^2}{V_A \times 100} \dots \dots \dots (7)$$

৩নং সমীকরণের ১০০০ দিয়ে গুণ ও ভাগ করে পাই,

$$= \frac{\%X \times (\text{Voltage})^2 \times 10}{V_A \times 1000} \text{ ohm} \dots \dots \dots (8)$$
$$= \frac{\%X \times \left(\frac{\text{Voltage}}{1000}\right)^2 \times 10}{\frac{V_A}{1000}} \text{ ohm. } \left[\text{KV} = \frac{\text{Voltage}}{1000} \right]$$

$$= \frac{X \times (KV)^2 \times 10}{KVA} \text{ ohm.}$$

Base KVA-এর সাপেক্ষে শতকরা রিয়াকট্যান্স,

$$\%X = \frac{X.(KVA).base}{10(KV)^2}$$

শতকরা রেজিট্যান্স, $\%R = \frac{I_{FL} \times R}{V_p} \times 100$

শতকরা ইম্পিড্যান্স, $\%Z = \sqrt{(R^2 + X^2)}$.

পার-ইউনিট পদ্ধতি :

কোন রাশির প্রকৃত মান এবং উক্ত রাশির বেস মান এর অনুপাতকে পার-ইউনিট মান বলে ।

পার-ইউনিট রিয়্যাকট্যান্স :

$$= \frac{IFL \times X(ohm)}{V_p}$$

এখানে, IFL = ফুললোড কারেন্ট

X = ওহমে প্রতি ফেজের রিয়্যাকট্যান্স ।

V_p = ফাজ ভোল্টেজ

পার-ইউনিট পদ্ধতি ও শতকরা পদ্ধতির মধ্যে পার্থক্য :

পার-ইউনিট পদ্ধতি

১. কোন রাশির প্রকৃত মান এবং উক্ত রাশির বেস মান এর অনুপাতকে পার-ইউনিট মান বলে ।
২. পার-ইউনিট রিয়্যাকট্যান্স =
$$\frac{IFL \times X(ohm)}{Vp}$$
৩. শর্ট সার্কিট কারেন্ট = পার ইউনিট ভোল্টেজ/পার ইউনিট ইম্পিড্যান্স
৪. এই পদ্ধতিতে রিয়্যাকট্যান্সের মান নির্ণয় করা কঠিন ।

শতকরা পদ্ধতি

১. কোন রাশির পার-ইউনিট মানকে ১০০ দ্বারা গুণ করলে এর শতকরা মান পাওয়া যায় ।
২. শতকরা রিয়্যাকট্যান্স % X =
$$\frac{IFL \times X}{VP} 100$$
৩. শর্ট সার্কিট কারেন্ট =
$$\frac{IFL \times 100}{\%X}$$
৪. শতকরা রিয়্যাকট্যান্স এর মান নির্ণয় করা সহজ ।

- বৈদ্যুতিক নেটওয়ার্কে ব্যবহৃত বিভিন্ন যন্ত্রপাতি ,যেমন :
জেনারেটর , ট্রান্সফরমার, ট্রান্সমিশন লাইন ,রিয়্যাক্টর ইত্যাদিও
কে.ভি.এ রেটিং একই থাকেনা ।বিভিন্ন ডিভাইস সমূহের শতকরা
রেজিস্ট্যান্স, রিয়্যাক্ট্যান্সের সম্মিলিত মান বের করার পূর্বে একটি
সুবিধাজনক সাধারণ কে.ভি.এ-এর সাপেক্ষে প্রতিটি ডিভাইসের
শতকরা রেজিস্ট্যান্স, রিয়্যাক্ট্যান্স বা পার ইউনিট রিয়্যাক্ট্যান্সকে
রূপান্তর করতে হয়,উল্লেখিত সুবিধাজনক সাধারণ কেভিএ-কে
বেস কে.ভি.এ বলে ।

বেস কেভিএ নির্বাচন করার নিয়ম

- সবচেয়ে বড় ডিভাইসের রেটেড কেভিএ অথবা,
- সবগুলো ডিভাইসের মোট কেভিএ অথবা,
- মনগড়া যেকোন মানানসই কেভিএ ধরা হয়।

অধ্যায় - ৫

পাওয়ার সিস্টেম স্ট্যাবিলািটি

(Power System Stability)

ভূমিকা

ভূমিকা :-


পাওয়ার সিস্টেমে ব্যবহৃত হয় ছোট বড় সকল ধরনের জেনারেটর কনডেন্সার এবং উল্লেখযোগ্য সংখ্যক মোটর সিনক্রোনাস টাইপ। কিন্তু দুর্ভাগ্যবশত হঠাৎ লোডের পরিবর্তন ঘটলে, সুইচিং অপারেশন, লাইনে ফল্ট এবং এক্সাইটেশন লসের দরুন সংযোজিত মেশিনসমূহের সিনক্রোনিজম ব্যবহৃত হতো। অর্থাৎ সিস্টেমের স্থিতিশীলতা বিনষ্ট হয়।

স্ট্যাবিলিটির সংজ্ঞা:

যে ধর্মের জন্য সিস্টেমের বিদ্যিত এলিমেন্ট এর মধ্যে রিস্টোরিং ফোর্স (ডিস্টার্বিং ফোর্স) উৎপন্ন হওয়ায় এলিমেন্টগুলোর মধ্যে ভারসাম্য ফিরে আসে তাকে স্ট্যাবিলিটি বলে ।

সুইং সমীকরণের ব্যাখ্যা

ধরা যাক, ৫.১ নং চিত্রের মাধ্যমে একটি সিনক্রোনাস মেশিনের টর্ক, স্পিড এবং ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল পাওয়ার ফ্লো উপস্থাপিত হচ্ছে :



ধরি, রোটরের যে কোন মূহর্তে (t) অ্যাক্সুলার পজিশন θ যদিও পজিশন (θ) সময়ের সাথে ধারাবাহিকভাবে পরিবর্তিত হয়। এর সাহায্যে খুব সহজে সিনক্রোনাস স্পিডে ঘুরন্ত মেশিনের রেফারেন্স এক্সিসের সাপেক্ষে অ্যাক্সুলার পজিশন (θ) পরিমাপ করা যায়

যদি সিনক্রোনাসলি রোটেটিং রেফারেন্স এক্সিস হতে ইলেকট্রিক্যাল ডিগ্রিতে রোটরের অ্যাঙ্গুলার ডিসপ্লেসমেন্ট δ হয় এবং ইলেকট্রিক্যাল রেডিয়ানসে সিনক্রোনাস স্পিড ω_s তাহলে θ কে রোটেটিং রেফারেন্স সাপেক্ষে টাইপ পরিবর্তনের অ্যাঙ্গেল $\omega_s t$ ও টর্ক অ্যাঙ্গেল এর যোগফলের মাধ্যমে প্রকাশ করা হয় অন্যভাবে।

$$\theta = \omega_s t + \delta \text{ electrical radians } \dots \dots \dots (i)$$

উপরের সমীকরণকে t সাপেক্ষে ডিফারেন্সিয়েটিং করে পাই,

$$\frac{d\theta}{dt} = \omega_s + \frac{d\delta}{dt} \dots \dots \dots (ii)$$

উপরের সমীকরণকে আবার ডিফারেন্সিয়েটিং করে পাই,

$$\frac{d^2\theta}{dt^2} = \frac{d^2\delta}{dt^2} \dots \dots \dots (iii)$$

রোটরের অ্যাক্সুলার এঞ্জিলারেশন

$$\alpha = \frac{d^2\theta}{dt^2} = \frac{d^2\delta}{dt^2} \text{ elect rad/s}^2 \dots \dots \dots (iv)$$

যদি ড্যান্সিংকে উপেক্ষা করা হয় তবে সিনক্রোনাস জেনারেটরের এঞ্জিলারেটিং টর্ক (T_a) এর মেকানিক্যাল বা শ্যাফট টর্ক (T_s) এবং আউটপুট ইলেকট্রোডাইনামিক (Electrodynamic) টর্ক (T_e) এর পার্থক্যের সমান।

$$T_a = T_s - T_e \dots \dots \dots (v)$$

ধরি,

ω = Synchronous speed of
the rotor

J = Moment of Inertia of the Rotor

m = Angular Momentum of the Rotor

P_s = Mechanical Power Input

P_e = Electrical Power output

P_a = Accelerating Power

এখন, $M = J\omega \dots \dots \dots (vi)$

উপরের (v) সমীকরণের উভয় পাশে

ω দ্বারা গুণ করে পাই

$$\omega T_a = \omega T_s - \omega T_e$$

$$P_a = P_s - P_e [\because PWT]$$


kintu,

$$J \frac{d^2 \theta}{dt^2} = T_a = J \frac{d^2 \delta}{dt^2} = T_a \text{ [(iv) nong hote]}$$

$$\omega J \frac{d^2 \delta}{dt^2} = \omega T_a$$

$$m \frac{d^2 \delta}{dt^2} = P_a = P_s - P_e \dots \dots \dots \text{(vii)}$$

উপরের (vii) সমীকরণটি অ্যাঙ্গুলার এক্সিলারেশন এবং এক্সিলারেটিং পাওয়ার এর মধ্যে সম্পর্ক নির্দেশ করে। একে সুইং সমীকরণ (Swing Equation) বলে। এটি সেকেন্ড অর্ডারের নন লিনিয়ার ডিফারেন্সিয়াল সমীকরণ। এ ডিফারেন্সিয়াল সমীকরণের মাধ্যমে আমরা কোয়ানটিটিভ ওয়েতে স্ট্যাবিলিটি আলোচনা করতে পারি। কারণ এটি ট্রান্সজিয়েন্ট সময়ে পাওয়ার অ্যাঙ্গেলে (δ) সুইং (Swing) বর্ণনা করে।



৬ষ্ঠ- অধ্যায়

বিদ্যুৎ সীমিতকরণ রিঅ্যাক্টর
(The Current Limiting Reactor)

বিদ্যুৎ সীমিতকরণ রিঅ্যাক্টর (The Current Limiting Reactor)

বিদ্যুৎ সীমিতকরণ রিঅ্যাক্টর :

বিদ্যুৎ সীমিতকরণ রিঅ্যাক্টর হল একটি ইন্ডাকটিভ কয়েল, যা প্রয়োজনের সময় যথেষ্ট পরিমাণে ইন্ডাকটিভ রিঅ্যাক্টিভ প্রদান করে শর্ট সার্কিট কারেন্টকে সীমিত রাখে ।

বিদ্যুৎ সীমিতকরণ রিঅ্যাক্টরের কাজ :

এর কাজ কোন বর্তনীতে প্রবাহিত শর্ট-সার্কিট কারেন্ট নির্দিষ্ট মাত্রার মধ্যে সীমাবদ্ধ রাখার জন্য বর্তনীতে যুক্ত ডিভাইস সমূহের নিজেস্ব রিঅ্যাক্টিভ যথেষ্ট নয় । তাই, বৈদ্যুতিক সিস্টেমের অতিরিক্ত রিঅ্যাক্টিভ পাওয়ার জন্য কারেন্ট লিমিটিং রিঅ্যাক্টর ব্যবহার করা হয় ।

বিদ্যুৎ সীমিতকরণ রিঅ্যাক্টর ব্যবহারের সুবিধাসমূহ :

(ক) রিঅ্যাক্টর ব্যবহারে শর্ট-সার্কিটজনিত উচ্চমাত্রার বিদ্যুৎপ্রবাহ সীমিত থাকার ফলে সিস্টেমে সংযুক্ত বৈদ্যুতিক যন্ত্রপাতিসমূহ বিনষ্ট হওয়ার হাত হতে রক্ষাকরে ।

(খ) প্লান্টের ক্ষমতা বৃদ্ধির পরও এটি ব্যবহারে পুরাতন সুইচগিয়ারের সাহায্যে পরিবর্তিত ও উচ্চ ক্ষমতা সম্পন্ন প্লান্টের আরম্ভ ব্যবস্থা চালু রাখা যায় ।

(গ) রিঅ্যাক্টর ব্যবহারের ফলে সুইচগিয়ার সমূহের রেটিং কম হলেও আরম্ভ ব্যবস্থার কোন অসুবিধা হয় না ।

(ঘ) কম রেটিং বিশিষ্ট সুইচগিয়ার ব্যবহার করা যায় বলে স্থাপন খরচ কম ।

কারেন্ট লিমিটিং রিয়াক্টর সিরিজে সংযুক্ত করণ

- কোন বর্তনীতে শর্ট-সার্কিট কারেন্ট নির্দিষ্ট মাত্রার মধ্যে সীমাবদ্ধ রাখার জন্য বর্তনীতে যুক্ত ডিভাইস সমূহের নিজস্ব রিয়াক্টিভ প্যাসিভিটি নয় । তাই পাওয়ার সিস্টেমে সিরিজে অধিক রিয়াক্টিভ প্যাসিভিটি সম্পন্ন বিদ্যুৎ সীমিতকরণ ব্যবহার করে ত্রুটিযুক্ত বর্তনীর অতিমাত্রায় শর্ট-সার্কিট কারেন্ট সীমিত রাখা হয় ।
- কার্বন টেট্রাক্লোরাইড ফিউজের ব্যবহার :
বর্তমানে ফিডার রিয়াক্টরের কিছু অংশের সাথে সাথে প্যারাললে কার্বন টেট্রাক্লোরাইড ফিউজ ব্যবহার করা হয় । এ ব্যবস্থায় ফুল লোড কারেন্ট ফিউজ এবং রিয়াক্টরের কিছু অংশের মধ্যে দিয়ে প্রবাহিত হয় । ফলে স্বাভাবিক অবস্থায় এতে ভোল্টেজ ড্রপ এবং পাওয়ার লস কম হয় । সার্কিট ত্রুটি হওয়ার সাথে সাথে ফিউজ পুরে যায় এবং সমস্ত রিয়াক্টর ফিডারের সাথে যুক্ত হয়ে শর্ট-সার্কিট কারেন্টকে সীমিত রাখে ।

রিয়্যাক্টরের শ্রেণী বিভাগ

গঠন অনুসারে

- ড্রাই টাইপ এয়ার কোরড রিয়্যাক্টর ।
- আয়রন কোর রিয়্যাক্টর ।
- অয়েল ইমার্জড এয়ার কোরড রিয়্যাক্টর ।

ড্রাই টাইপ এয়ার কোরড রিয়াক্টর



DIYTrade.com-HSLEC website

HSLEC

Powered by DIYTrade.com



xaherong.en.alibaba.com

আয়রন কোর রিঅ্যাক্টর





অয়েল ইমার্জড এয়ার কোরড রিঅ্যাক্টর





অবস্থানের উপর ভিত্তি করে

- জেনারেটর রিয়্যাক্টর ।
- ফিডার রিয়্যাক্টর ।
- বাসবার রিয়্যাক্টর ।
- বাসবার রিয়্যাক্টর আবার দুই প্রকার : যথা:-
 - রিং পদ্ধতি ।
 - টাইবার রিয়্যাক্টর ।



জেনারেটর রিয়াক্টর




ফিডার রিয়াক্টর





বাসবার রিয়াক্টর



রিং পদ্ধতি



টাইবার রিয়াক্টর



বিদ্যুৎ সীমিতকরণ রিয়্যাক্টরের সুবিধাসমূহের তালিকা

জেনারেটর রিয়্যাক্টর	ফীডার রিয়্যাক্টর	বাসবার রিয়্যাক্টর
<p>(ক) এ পদ্ধতিতে জেনারেটর এবং বাসবারের মধ্যে রিয়্যাক্ট সংযুক্ত থাকে ফলে এটি জেনারেটরকে দর্ঘনা থেকে রক্ষা করে ।</p>	<p>(ক) এ পদ্ধতিতে একটি ফিডারে শর্ট-সার্কিট হলেও তার রিয়্যাক্টর ও কমন বাসবারের যে ভোল্টেজ ড্রপ হয় তা অতি নগ্ন অথাৎ সাধারণত বাসবারের ভোল্টেজ কমে না ।</p>	<p>(ক) রিং পদ্ধতির ক্ষেত্রে স্বাভাবিক অবস্থায় ভোল্টেজ ড্রপ হয় না ও পাওয়ার লস হয় না । এছাড়াও যখন একটি ফিডারে শর্ট সার্কিট হয় তখন একটি জেনারেটর থেকেই বেশিভাগ কারেন্ট ফিড হয় । এবং অন্যান্য জেনারেটর হতে অল্প পরিমাণ কারেন্ট রিয়্যাক্টরের মাধ্যমে প্রবাহিত হয় ।</p>

সম্ভাব্য প্রশ্নসমূহ

- বিদ্যুৎ সীমিতকরণ রিঅ্যাক্টর কাকে বলে ?
- বিদ্যুৎ সীমিতকরণ রিঅ্যাক্টরের কাজ কি ?
- রিঅ্যাক্টরের শ্রেণী বিভাগ দেখাও ?
- বিদ্যুৎ সীমিতকরণ রিঅ্যাক্টরের সুবিধাসমূহের তালিকা লিখ ?
- কারেন্ট লিমিটিং রিঅ্যাক্টর সিরিজে সংযুক্ত করা হয় কেন ?
- ফিডার রিঅ্যাক্টরের কিছু অংশের সাথে প্যারাললে কার্বন টেট্রাক্লোরাইড ফিউজের ব্যবহার করা হয় কেন ?

(খ) এ পদ্ধতিতে
রিয়্যাক্টর কম
লাগে ।

(খ) অনেক সময় এ
পদ্ধতিতে রিয়্যাক্টরের কিছু
অংশর প্যারাললে কার্বন
টেট্রাক্লোরাইড ফিউজ
ব্যবহার করায় স্বাভাবিক
অবস্থায় ভোল্টেজ ড্রপ এবং
পাওয়ার লস কম হয় ।

(খ) টাইবার রিয়্যাক্টরে রিং পদ্ধতির
সকল সুবিধা থাকার সত্ত্বেও লিখিত
সুবিধা পাওয়া যায় ।

১. ব্যবহৃত রিয়্যাক্টরে নির্ধারিত
কারেন্ট ক্ষমতার মধ্যে
সীমাবদ্ধ রেখে যে কোন
সংখ্যক জেনারেটর বা ফিডার
সেকশন বৃদ্ধি করা যায় ।
২. বিদ্যমান সুইচগিয়ার এবং
প্রটেকটিভ ডিভাইসসমূহ
রেখেই টাইবার পদ্ধতি যে
কোন পরিবর্তন বা পরিবর্ধন
করা যায় ।

৭তম- অধ্যায়

ফিউজ কার্যপ্রণালি ও গঠন

(Fuse)

ফিউজ(Fuse)

ফিউজ বৈদ্যুতিক বর্তনীতে দুর্বলতম সংযোগ এবং সহজ সরল রক্ষণযন্ত্র বিশেষ । ফিউজ তার স্বল্প দৈর্ঘ্যের সরু ও কম গলনাংক বিশিষ্ট পরিবাহী তার, যা বৈদ্যুতিক বর্তনীতে সংযুক্ত থেকে কোন নির্দিষ্ট পরিমান কারেন্ট অনির্দিষ্টকাল ধরে বহন করতে সক্ষম । কিন্তু নির্ধারী মানের চেয়ে বেশি পরিমান বা অতিরিক্ত কারেন্ট প্রবাহিত হলে নিজে গলে গিয়ে বর্তনীতে ত্রুটিপূর্ণ অংশকে উৎস থেকে বিচ্ছিন্ন করে দেয় ।



Fuse holder

T2

Fuse wire

T1



Fuse wire melts and breaks the circuit

Electric Fuse



ফিউজিং এলিমেন্ট

ফিউজের যে অংশটি নির্দিষ্ট সীমার অতিরিক্ত কারেন্টে প্রবাহে পুড়ে যায় তাকে ফিউজ উপাদান বা ফিউজিং এলিমেন্ট বলে ।

ফিউজিং কারেন্ট

সর্ব নিম্ন যে পরিমান কারেন্ট প্রবাহিত হলে ফিউজ তার গলে যায় তাকে ফিউজিং কারেন্ট বলে ।

ফিউজের কাট অফ কারেন্ট

শর্ট-সার্কিট কারেন্ট বা ফল্ট কারেন্ট সর্বোচ্চ যে মানে পৌঁছার পূর্বে ফিউজ তার গলে যায় তাকে কাট-অফ কারেন্ট বলে ।

ফিউজিং ফ্যাক্টর :

ফিউজিং কারেন্ট এবং কারেন্ট রেটিং এর অনুপাতকে ফিউজিং ফ্যাক্টর বলে । এর মান ১-এর চেয়ে বড় হয় ।

প্রি-আর্কিং টাইম

শর্ট-সার্কিট কারেন্ট শূন্য মান থেকে কাট-অফ মানে পৌঁছাতে যে সময় লাগে তাকে প্রি-আর্কিং টাইম বলে ।

আর্কিং টাইম :

আর্কিং শুরু হওয়ার মুহূর্তে থেকে আর্ক নির্বাপিত হওয়া পর্যন্ত সময় কে প্রি-আর্কিং টাইম বলে ।

ফিউজ এলিমেন্টের বৈশিষ্ট

- নিম্ন গলনাংক ।
- উচ্চ কারেন্ট বহন ক্ষমতা ।
- অক্সিডেশনের প্রভাব মুক্ত ।
- নিম্ন স্পেসিফিক হীট সম্পন্ন ।
- দামে সস্তা ।


ফিউজ উচ্চ ভোল্টেজ লাইনে ব্যবহার না হওয়ার কারণ

- ফিউজ এলিমেন্ট পুড়ে গেলে ব্যক্তি বিশেষ নির্দিষ্ট স্থানে উপস্থিত না হয়ে বদলানো যায় না, বিপদজনক এবং সময় সাপেক্ষ ।
- আর্ক নির্বাণের তেমন কোন জোড়ালো ব্যবস্থা না থাকায় সাধারণত উচ্চ ভোল্টেজ লাইনে ব্যবহার হয় না ।
- ফিউজ কাট-অফ ইফেক্ট গুণ থাকায় উচ্চ ভোল্টেজ রিয়্যাকটিভ সার্কিটে মারাত্মক ইনডিউসড ভোল্টেজ উৎপন্ন হওয়ার সম্ভাবনা

H.R.C Fuse

Brass End Cap

Fusing Element



Filling Powder

Construction of HRC Fuse



আধুনিক ডিস্ট্রিবিউশন সিস্টিমে, যেখানে বেশি পরিমান পাওয়ার বিতরণ করা হয় সেখানে উচ্চ ব্রেকিং ক্যাপাসিটি বিশিষ্ট ফিউজ ব্যবহার করা আবশ্যিক । সাপ্লাই ইঞ্জিনিয়ার এবং পুঙ্ক্ত কারকগণের নিবির গবেষনার ফলে বিতরণ ব্যবস্থায় উচ্চ বিদারণ ক্ষমতা সম্পন্ন ফিউজ (যা সাধারণতে এইচ, আর, সি. ফিউজ নামে পরিচিত) এর প্রচলন হয়েছে । হাই রাপচারিং ক্যাপাসিটি ফিউজ একটি বিশেষ ধরনের কার্টিজ ফিউজ ।

ড্রপ আউট ফিউজ



এ ধরনের ফিউজ শর্ট-সার্কিট বা অতিরিক্ত কারেন্ট প্রবাহের সময় ফিউজ এলিমেন্ট গলে যায় এবং ফিউজ এলিমেন্ট বহনকারী লম্বা কার্টিজের মত নলটি মধ্যাকর্ষণের প্রভাবে ফিউজের নিম্নস্থ কন্ডির সাথে আটকি থাকে । এ সময় বর্তনী সম্পর্গরূপে আলাদা হয়ে সার্কিটের বিচ্ছিন্নতা নিশ্চিত করে ।

সম্ভাব্য প্রশ্নসমূহ

- ফিউজ(Fuse) কি ?
- ফিউজিং এলিমেন্ট ও ফিউজিং কারেন্ট কাকে বলে ?
- ফিউজের কাট অফ কারেন্ট কাকে বলে ?
- ফিউজিং ফ্যাক্টর কাকে বলে ও এর মান কত ?
- প্রি-আর্কিং ও আর্কিং টাইম টাইম কাকে বলে ?
- ফিউজ এলিমেন্টের বৈশিষ্ট্য গুলি লিখ ?
- H.R.C Fuse এর গঠন ও কার্যপ্রণালী বর্ণনা কর ?
- ড্রপ আউট ফিউজ এর গঠন ও কার্যপ্রণালী বর্ণনা কর ?
- সার্কিট ব্রেকার, অটো-রিক্লোজার, ফিউজ ও আইসোলেটরের মধ্যে পার্থক্য লিখ ?

৮ম অধ্যায়

সার্কিট ব্রেকার

(Circuit Breaker)

সার্কিট ব্রেকার


- সার্কিট ব্রেকার একটি নিয়ন্ত্রন বা রক্ষণযন্ত্র বিশেষ । এর সাথে সংযুক্ত সার্কিটে কোন ত্রুটি দেখা দিলে স্বয়ংক্রিয়ভাবে ঐ ত্রুটিপূর্ণ সার্কিটকে সরবরাহ থেকে বিচ্ছিন্ন করে দেয় ।



সার্কিট ব্রেকারের শ্রেণীবিভাগ

রেটেড ভোল্টেজের ভিত্তিতে সার্কিট ব্রেকার দুই প্রকার : যথা :-

- লো ভোল্টেজ সার্কিট ব্রেকার ও
- হাই ভোল্টেজ সার্কিট ব্রেকার ।



লো ভোল্টেজ সার্কিট ব্রেকার



হাই ভোল্টেজ সার্কিট ব্রেকার



Download from
Dreamstime.com

This watermarked comp image is for previewing purposes only.



ID 620659

© Roger Bruce | Dreamstime.com

আর্ক নির্বাপনের ভিত্তিতে শ্রেণিবিভাগ : যথাঃ-

- তেল পূর্ণ সার্কিট ব্রেকার ।
- তেলবিহীন সার্কিট ব্রেকার ।




তেল পূর্ণ সার্কিট ব্রেকার



OCT 15 2008


তেলবিহীন সার্কিট ব্রেকার




তেল পূর্ণ সার্কিট ব্রেকার আবার চার প্রকার ।

১. বাল্ক অয়েল সার্কিট ব্রেকার ।
২. মিনিমাম অয়েল সার্কিট ব্রেকার ।
৩. সেলফ জেনারেটেড প্রেসার টাইপ সার্কিট ব্রেকার ।
৪. এক্সটানালি জেনারেটেড প্রেসার টাইপ সার্কিট ব্রেকার

বাল্ক অয়েল সার্কিট ব্রেকার



মিনিমাম অয়েল সার্কিট ব্রেকার



সেলফ জেনারেটেড প্রেসার টাইপ সার্কিট ব্রেকার




এক্সটানালি জেনারেটেড প্রেসার টাইপ সার্কিট ব্রেকার





তেলবিহীন পূর্ণ সার্কিট ব্রেকার আবার বিভিন্ন প্রকার

- ১) ওয়াটার সার্কিট ব্রেকার ।
- ২) এয়ার ব্লাস্ট সার্কিট ব্রেকার ।
- ৩) গ্যাস সার্কিট ব্রেকার ।
- ৪) ভ্যাকুয়াম সার্কিট ব্রেকার ।
- ৫) এ.সি. সার্কিট ব্রেকার ।
- ৬) ডি.সি. সার্কিট ব্রেকার ।

ওয়াটার সার্কিট ব্রেকার




এয়ার ব্লাস্ট সার্কিট ব্রেকার



গ্যাস সার্কিট ব্রেকার



ভ্যাকুয়াম সার্কিট ব্রেকার



এ.সি. সার্কিট ব্রেকার



ডি.সি. সার্কিট ব্রেকার



আর্ক

যখন কোন সার্কিটে ত্রুটিজনিত কারণে মাত্রাতিরিক্ত কারেন্ট প্রবাহিত হয় , তখন সার্কিটে সংযুক্ত সার্কিট ব্রেকারের মুভিং কন্টাক্ট খুলে যেতে আরাঙ্ভ করে । ঠিক এই মুহূর্তে কন্টাক্টদ্বয়ের মধ্যে ইলেকট্রিক ডিসচার্জ এর দরুন যে অগ্নিস্ফুলিঙ্গের সৃষ্টি হয় তাকে আর্ক বলে ।

• আর্ক উৎপত্তির কারণ :

(ক) তাপজনিত আলোড়নে আয়োনাইজেশনের ফলে অনু ও পরমানুতে সংঘর্ষের দরুন সৃষ্ট মুক্ত ইলেকট্রনের কারণে আর্কের সৃষ্টি হয় ।

(খ) অতি উচ্চ চাপ সম্পন্ন বৈদ্যুতিক ফিল্ডে ইলেকট্রোন তৈরী হয়ে আর্কের সৃষ্টি হয় ।

আর্ক নির্বাণের পদ্ধতি

দুটি পদ্ধতিতে আর্ক নির্বাণ করা যায় । যথা :-

- উচ্চ রোধক পদ্ধতি ।
- কারেন্ট শূন্যমান পদ্ধতি ।

সার্কিট ব্রেকারের তেলের কাজ

সার্কিট ব্রেকারে ব্যবহৃত তেলের কাজ হচ্ছে ইনসুলেটিং মাধ্যম হিসাবে কাজ করা এবং আর্ক নির্বাণের সহায়তা করা

রিস্ট্রাইকিং ভোল্টেজ

আর্ক নির্বাণের মুহুর্তে সার্কিট ব্রেকারের টার্মিনালে যে লব্ধি
ট্রানজিয়েন্ট ভোল্টেজ আর্ককে পূর্ণজীবিত করতে চেষ্টা করে তাকে
রিস্ট্রাইকিং ভোল্টেজ বলে ।

রিকভারী ভোল্টেজ

যখন বিভিন্ন হারমোনিকস এর ওসিলেশন নরমাল ফ্রিকোয়েন্সিতে
থাকে তখন সার্কিট ব্রেকারের পোল টার্মিনালে যে কার্যকরী ভোল্টেজ
পাওয়া যায় তাকে রিকভারী ভোল্টেজ বলে ।

SF₆ সার্কিট ব্রেকারের ব্যবহার

একক ইউনিটের ক্ষেত্রে ভোল্টেজ রেঞ্জ ৫০ কেভি থেকে ৮০ কেভি এবং কারেন্ট রেঞ্জ ৬০ অ্যাম্প পর্যন্ত হয় । কিন্তু একের অধিক ইউনিট ব্যবহার করে ১১৫ কেভি থেকে ২৩০ কেভি ভোল্টেজ রেঞ্জ ও পাওয়ার রেটিং ১০ এম ভি এ থেকে ২০ এম ভি এ পর্যন্ত হয় । ৩ সাইকেল বা এর কম সময়ের মধ্যেই ইন্টারাপ্টিং কার্য সম্পাদন করে ।

সার্কিট ব্রেকারের রেটিং

বৈদ্যুতিক সিস্টেমে সার্কিটের স্বাভাবিক ও অস্বাভাবিক অবস্থায় সার্কিট ব্রেকার ব্যবহার করতে গেলে এটির গুণগত, কার্যগত ও মানগত বিভিন্ন বিষয় জানা একান্ত আবশ্যিক । এ বিভিন্ন বিষয়গুলো স্পেসিফিকেশন আকারে দেওয়া থাকে, একে সার্কিট ব্রেকারের রেটিং বলে ।

সার্কিট ব্রেকারের মাউন্টিং

সার্কিট ব্রেকার এবং এর সাথে আনুসঙ্গিক ডিভাইস সমূহ সুষ্ঠুভাবে স্থাপন, পারেশন এবং প্রোটেকশনের জন্য যে ফ্রেম বা স্ট্রাকচার অবলম্বন করা হয় তাকে সার্কিট ব্রেকারের মাউন্টিং বলে ।

সার্কিট ব্রেকারের রেটিং এর প্রধান বিষয়গুলো

- ব্রেকিং ক্যাপাসিটি ।
- মেকিং ক্যাপাসিটি ।
- শর্ট টাইম ক্যাপাসিটি ।

সার্কিট ব্রেকারের টেস্টগড়লো

- টাইপ টেস্ট ।
- রুটিন টেস্ট ।
- ডেভেলপমেন্ট টেস্ট ।
- বিশ্বস্থতা টেস্ট ।
- কমিশনিং টেস্ট ।

সার্কিট ব্রেকারের উভয় দিকে আইসোলেটর ব্যবহার

হাই টেনশন লাইনে এর ফল্ট সরানোর সময় বা মেইটেন্যান্সের সময় সার্কিট ব্রেকার অপারেট করার পরও আইসোলেটর দ্বারা লাইনকে সম্পূর্ণরূপে বিযুক্ত করে একজন ইঞ্জিনিয়ার বা টেকনিশিয়ান অধিকতর নিশ্চিত মনে কাজ করতে পারে । অনেক সময় ভুলবশতঃ সার্কিট ব্রেকার হয়ে যেত পারে । কারণ ইহা প্রায়ই রিমোট কন্ট্রোল টাইপ হয়ে থাকে । কিন্তু নির্দিষ্ট স্থানে ব্যক্তি বিশেষ না গিয়ে আইসোলেটর অন বা অফ করা যায় না । এ ছাড়া সার্কিট ব্রেকারকে মেইনটেন্যান্স বা মেরামত করার জন্য উভয় পাশে আইসোলেটর লাগারো থাকলে সহজে আইসোলেটর খুলে সার্কিট ব্রেকাকে মেরামতের জন্য বাইরে আনা যায় । কাজেই অপারেটর বা ইলেকট্রিশিয়ানদের অধিক নিশ্চয়তার মধ্যে কাজ করার জন্য সিস্টেমে সার্কিট ব্রেকার লাগানোর সত্বেও আইসোলেটর লাগানো থাকে ।

ডি.সি - এর চেয়ে এ.সি তে আর্ক নির্বাণন

ডি.সি-র চেয়ে এ.সি-র বেলায় আর্ক নির্বাণন কিছুটা সহজতর । কারণ এ.সি তে প্রতি সাইকেলে কারেন্ট ওয়েভ দুই বার শূন্য হয়ে যায় । সার্কিট ব্রেকারের কন্টাক্ট সমূহ সাময়িক ভাবে ঠান্ডা হওয়ার সুযোগ পায় । কারেন্ট ওয়েভ প্রত্যেক শূন্য মানে স্ফনিকের জন্য আর্ক ক্রমশ অন্তর্হিত হয়ে যায় । কন্টাক্ট এর আশে পাশে এ সময় আয়ন ও ইলেকট্রোন থাকে এবং কন্টাক্ট এর চারপাশে মাধ্যমের ডাই-ইলেকট্রিক শক্তিও কম থাকে । কিন্তু কারেন্ট ওয়েভ উত্থানের সাথে সাথে এই ডাই-ইলেকট্রিক শক্তি নষ্ট হয়ে যায় এবং আর্কের পূর্ণ আবির্ভাব ঘটে । কাজেই কারেন্ট ওয়েভ শূন্য মানের সময় যদি আর্ককে পূর্ণঃ জীবিত হতে বাধা দেওয়া যায় তবে অতি সহজে আর্ক নির্বাণন করা যায় ।

সম্ভাব্য প্রশ্নসমূহ


- সার্কিট ব্রেকার কাকে বলে ও এর শ্রেণী বিভাগ দেখাও ?
- আর্ক কাকে বলে ও এর উৎপাদনের কারণ লেখ ?
- আর্ক নির্বাপনের পদ্ধতি গুলো লেখ ?
- সার্কিট ব্রেকারের তেলের কাজ কি ?
- রিস্ট্রাইকিং ভোল্টেজ ও রিকভারী ভোল্টেজ কাকে বলে ?
- SF₆ সার্কিট ব্রেকারের ব্যবহার লিখ ?
- সার্কিট ব্রেকারের রেটিং ও সার্কিট ব্রেকারের মাউন্টিং কাকে বলে ?
- সার্কিট ব্রেকারের রেটিং এর প্রধান বিষয়গুলো এবং এর রেটিং লিখ ?
- সার্কিট ব্রেকারের উভয় দিকে আইসোলেটর ব্যবহার করা হয় কেন ?
- ডি.সি - এর চেয়ে এ.সি তে আর্ক নির্বাপন সহজতর কেন ?
- সালফার হেক্সা-ফ্লোরাইড সার্কিট ব্রেকারের বৈশিষ্ট্যগুলো লেখ ?
- ভ্যাকুয়াম সার্কিট ব্রেকারের সুবিধা ও অসুবিধা লিখ ?
- অটো-রিক্লোজার কেন ব্যবহার করা হয় ?

অধ্যায়- নবম

রিণে (Relay)

রিলে (Relay) :

- রিলে এমন একটি স্বয়ংক্রিয় প্রটোকটিভ ডিভাইস যা বৈদ্যুতিক পাওয়ার সিস্টেমে কোন পূর্ব নির্ধারিত বৈদ্যুতিক অবস্থার পরিবর্তনে সাড়া দিয়ে সার্কিটে সংযুক্ত অন্যান্য প্রটোকটিভ ডিভাইস (সার্কিট ব্রেকার ও ট্রিপ কয়েল) সমূহকে অপারেট করতে সাহায্য করে ।



রিলের কাজ :

- যখনই সিস্টেমে কোন প্রকার দোষ-ত্রুটি দেখা দেয় তখনই রিলে স্বয়ংক্রিয়ভাবে সজাগ হয়ে ওঠে এবং সার্কিট ব্রেকারের ট্রিপ-কয়েলকে উদ্যমশীল করে, ফলে সার্কিট ব্রেকার খুলে যায় এবং সমস্ত সিস্টেমসমূহ বিপদ বা ধ্বংসের হাত থেকে রক্ষা পায়। সিস্টেমের প্রতিটি ত্রুটির প্রতি সদা সর্বদা সজাগ দৃষ্টি রাখতে হয় বলে একে নীরব প্রহরী অতন্দ্র প্রহরী ও বলা হয়।





Diagram Showing Electro Magnetic Relay Operation

রীলে ব্যবহারের সুবিধাসমূহ

- সিস্টেমের কোন অংশে ত্রুটি দেখা দিলে রীলে অপারেশনের কারণে অনতিবিলম্বে ঐ অংশে সাপ্লাই বিচ্ছিন্ন করা যায়।
- সিস্টেমে কোন্ ধরনের ত্রুটি দেখা দিয়েছে, তা রীলে অপারেশন থেকে জানা যায়।
- বৈদ্যুতিক সিস্টেমের কোন্ বিন্দুতে বা কোন্ অংশে ত্রুটি দেখা দিয়েছে সেটাও জানা যায়।

সেকেডারী রিলে বা ব্যাক-আপ রিলে

যদি কারেন্ট ট্রান্সফরমার বা পটেনশিয়াল ট্রান্সফরমার এর মাধ্যমে রিলে সার্কিট সংযুক্ত থাকে তবে উক্ত রিলেকে সেকেডারী রিলে বা ব্যাক-আপ রিলে বলে ।

প্রটেকটিভ জোন

প্রটেশশন স্কীমকে সুবিধাজনক কতগুলো অংশে বিভক্ত করা হয়,যেন ক্রটির কারনে অন্য অংশের ইউনিটসমূহ সিস্টেম থেকে বিচ্ছিন্ন হয়,এরূপ প্রতিটি অংশকে প্রটেকটিভ জোন বলে । যেমনঃ জেনারেটর বা ট্রান্সফরমার প্রটেকটিভ জোন ।

সলিনয়েড এন্ড প্লাজার টাইপ রিলে এর বর্ণনা


